



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র  
সাভার, ঢাকা

সেরা  
প্রশিক্ষক  
বাছাই  
নীতিমালা  
২০১৯



## ১.০০ পটভূমি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অনুযায়ী সদস্যদের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রমে উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি ও দক্ষতা বৃদ্ধিকল্পে প্রতিবছর সেরা প্রশিক্ষক বাছাই করে পুরস্কৃত করার নিমিত্তে “বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র সেরা প্রশিক্ষক বাছাই নীতিমালা ২০১৯” প্রণয়ন করা হলো। এ নীতিমালা অনুযায়ী নির্ধারিত সূচকসমূহের মাধ্যমে একটি প্রশিক্ষণ বছরের সেরা প্রশিক্ষক বাছাই করা হবে।

## ২.০০ উদ্দেশ্য

- ২.০১ কেন্দ্রের প্রশিক্ষকগণের প্রশিক্ষণ যোগ্যতা বৃদ্ধি;
- ২.০২ কেন্দ্রের প্রশিক্ষকগণের স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা;
- ২.০৩ কেন্দ্রের প্রশিক্ষকগণের কর্মসম্পাদনে প্রতিযোগিতার মনোভাব তৈরি।

## ৩.০০ প্রশিক্ষকের কর্মসম্পাদন সূচক

৩.০১ নিম্নবর্ণিত টেবিল ১-এ প্রদর্শিত সূচক ব্যবহার করে একজন প্রশিক্ষকের কর্মসম্পাদন মূল্যায়ন করা হবে:

**টেবিল ১: একজন প্রশিক্ষকের বার্ষিক কর্মসম্পাদন মূল্যায়ন সূচক তৈরির হিসাব ছক**

সূচক	ক:	খ:	অর্জিত স্কোর (ক×খ)
	অর্জিত সংখ্যা (গুণ্য)	প্রতি সংখ্যার পয়েন্ট (গুণক)	
১। কোর কোর্সসমূহে পরিচালিত অধিবেশন সংখ্যা		০.১৫	
২। লেকচার অ্যান্ড ডিসকাশন ব্যতীত অন্যান্য পদ্ধতি ব্যবহার করে পরিচালিত অধিবেশন সংখ্যা		০.২	
৩। দলীয় কাজ করা হয়েছে এমন পরিচালিত অধিবেশন সংখ্যা		০.২	
৪। প্রেজি ব্যবহার করা হয়েছে এমন পরিচালিত অধিবেশন সংখ্যা		০.১	
৫। গবেষণা পরামর্শক হিসেবে প্রকাশিত প্রবন্ধ		৫.০০	
৬। সকাল ৮:৩০টায় পরিচালিত অধিবেশন সংখ্যা		০.৫	
৭। বিকেল ২:১৫ মিনিটে পরিচালিত অধিবেশন সংখ্যা		০.২৫	
৮। অধিবেশনের কার্যকারিতা (বক্তা মূল্যায়নের গড় স্কোর × মোট অধিবেশন সংখ্যা)		০.০০১৫	

সূচক	ক: অর্জিত সংখ্যা (গুণ্য)	খ: প্রতি সংখ্যার পয়েন্ট (গুণক)	অর্জিত স্কোর (ক×খ)
৯। কোর কোর্সসমূহে মডিউল সমন্বয়ক হিসেবে কাজ করার মডিউল সংখ্যা		১.২৫	
১০। ওয়েব-বেইজড সৃজনশীল এমসিকিউ পরীক্ষা গ্রহণের সংখ্যা		১.২৫	
১১। সিএমটির সদস্য হিসেবে সকাল ৮:৩০টায় দায়িত্ব পালন করা দিনের সংখ্যা		০.১	
১২। হ্যান্ডআউট (Reading Materials) প্রদান করা হয়েছে এমন অধিবেশন সংখ্যা		০.০৫	

৩.০২ টেবিল ১-এর সূচক কলামে উল্লিখিত ১১ নং আইটেমের জন্য, কোর্স পরিচালক সিএমটির সদস্যদের দায়িত্ব বন্টনপূর্বক একটি সাপ্তাহিক রোস্টার তৈরি করবেন এবং তা স্বাক্ষরপূর্বক মূল্যায়ন অনুবিভাগে জমা দিবেন। রোস্টার অনুযায়ী দায়িত্ব পালিত হচ্ছে কিনা ভিজিলেন্স টিম তা পর্যবেক্ষণপূর্বক সাপ্তাহিক ভিত্তিতে একটি মূল্যায়ন ফরম পূরণ করে মূল্যায়ন অনুবিভাগে জমা করবেন। ১১ নং আইটেমের তথ্য ভিজিলেন্স টিমের এই মূল্যায়ন ফরম থেকে নিতে হবে।

৩.০৩ টেবিল ২-এ প্রদর্শিত ফরম ব্যবহার করে ভিজিলেন্স টিম সিএমটির সদস্যগণের দায়িত্ব পালনের রেকর্ড প্রস্তুত করবেন:

### টেবিল ২: ভিজিলেন্স টিমের জন্য ব্যবহৃত ফরম

তারিখ: কোর্সের নাম (ব্যাচসহ):

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী	সকাল ৮:৩০টায় উপস্থিতি	বেলা ২:১৫টায় উপস্থিতি

বি.দ্র. উপস্থিতি কলাম ভিজিলেন্স টিমের সদস্য কর্তৃক স্বাক্ষর দ্বারা পূরণযোগ্য

৩.০৪ টেবিল ১-এর সূচক কলামে উল্লিখিত আইটেমসমূহের তথ্য মূল্যায়ন অনুবিভাগ সংরক্ষণ করবে। ২, ৩, ৪ এবং ১২ নং সূচকের জন্য অনলাইন মূল্যায়ন সিস্টেমে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে:

Methods used by the trainer  Case Study  Group Exercise  Lecture and Discussion  Others

Tools used by the trainer  PPT slides  Prezi  Others

Handout given by the trainer  Yes  No

৩.০৫ টেবিল ১-এ প্রদর্শিত 'প্রতি সংখ্যার পয়েন্ট' নিম্নবর্ণিত টেবিল ৩ -এ প্রদর্শিত হিসাব ব্যবহার করে তৈরি করা হবে:

টেবিল ৩: প্রতি সংখ্যার পয়েন্ট যে হিসেবে বের করা হয়েছে

সূচক	প্রত্যাশিত সংখ্যা	বরাদ্দকৃত পয়েন্ট	প্রত্যেক সংখ্যার জন্য পয়েন্ট
১। কোর কোর্সসমূহে পরিচালিত অধিবেশন সংখ্যা	১০০	১৫	$(15/100)=0.15$
২। লেকচার অ্যান্ড ডিসকাশন ব্যতীত অন্যান্য পদ্ধতি ব্যবহার করে পরিচালিত অধিবেশন সংখ্যা	৫০	১০	$(10/50)=0.2$
৩। দলীয় কাজ করা হয়েছে এমন পরিচালিত অধিবেশন সংখ্যা	৫০	১০	$(10/50)=0.2$
৪। প্রেজি ব্যবহার করা হয়েছে এমন পরিচালিত অধিবেশন সংখ্যা	১০০	১০	$(10/100)=0.1$
৫। গবেষণা পরামর্শক হিসেবে প্রকাশিত প্রবন্ধ সংখ্যা/একটি সেমিনার পেপার প্রকাশিত হলে পূর্ণ নম্বর পাবেন।	১	৫	$(5/1)=5.00$
৬। সকাল ৮:৩০টায় পরিচালিত অধিবেশন সংখ্যা	২০	১০	$(10/20)=0.5$
৭। বিকেল ২:১৫ মিনিটে পরিচালিত অধিবেশন সংখ্যা	২০	৫	$(5/20)=0.25$
৮। অধিবেশনের কার্যকারিতা (বক্তা মূল্যায়নের গড় স্কোর x মোট অধিবেশন সংখ্যা)	$10000$ $(100*100)$	১৫	$(15/10000)=0.0015$
৯। কোর কোর্সসমূহে মডিউল সমন্বয়ক হিসেবে কাজ করার মডিউল সংখ্যা	৪	৫	$(5/4)=1.25$
১০। ওয়েব-বেইজড সৃজনশীল এমসিকিউ পরীক্ষা গ্রহণের সংখ্যা	৪	৫	$(5/4)=1.25$
১১। সিএমটির সদস্য হিসেবে সকাল ৮:৩০টায় দায়িত্ব পালন করা দিনের সংখ্যা	৫০	৫	$(5/50)=0.1$
১২। হ্যান্ডআউট (Reading Materials) প্রদান করা হয়েছে এমন অধিবেশন সংখ্যা	১০০	৫	$(5/100)=0.05$

## 8.00 নির্বাচন পদ্ধতি

8.01 এমডিএস (পিএন্ডএস) এর নেতৃত্বে নিম্নলিখিত তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হবে:

- ক. পরিচালক (গবেষণা ও উন্নয়ন), সদস্য
- খ. পরিচালক (মূল্যায়ন), সদস্য
- গ. আহবায়ক ভিজিল্যান্স টিম, সদস্য
- ঘ. উপ পরিচালক (পিপিআর), সদস্য-সচিব

## ৫.00 পুরস্কার প্রদান

৫.০১ চূড়ান্তভাবে বাছাইকৃত সেরা প্রশিক্ষক রেস্তুর মহোদয় কর্তৃক নির্ধারিত পুরস্কার পাবেন।



সেরা  
প্রশিক্ষক  
বাছাই  
নীতিমালা  
২০১৯

[www.bpatc.org.bd](http://www.bpatc.org.bd)



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র  
সাভার, ঢাকা